

স্মারক নম্বর : ৪১.০১.৬১১৩.০০০.১৬.০০১.২৩.২৩২

তারিখ : ২৫ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
০৯ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় সকল উপকারভোগী সরেজমিন লাইভ ভেরিফিকেশনসহ যাচাই-বাচাই সংক্রান্ত।

সূত্র: ৪১.০১.০০০০.০৪৯.১৪.০১০.২০.৫৩৮; তারিখ: ২৬ জুন ২০২৩ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, ভালুকা, ময়মনসিংহের ২০২৩-২০২৪ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা ও শিক্ষা উপবৃত্তি এবং হিজড়া ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন করা হবে। উক্ত লাইভ ভেরিফিকেশনে ভাতাভোগীর নিজের জাতীয় পরিচয় পত্র (NID)/ জন্ম নিবন্ধন সনদ, ভাতা প্রাপ্তির নগদ মোবাইল ব্যাংকিং নাম্বার, ভাতাভোগীদের ভাতা প্রাপ্তির বহি (যদি থাকে) সহ স্ব স্ব ইউনিয়নে সিডিউল অনুযায়ী বর্ণিত স্থান ও সময়ে সকল প্রকার ভাতাভোগীদের সশরীরে উপস্থিত হবার জন্য বিনীত অনুরোধ করা হলো। সরেজমিন লাইভ ভেরিফিকেশন যাচাই-বাচাই কালে কোন উপকারভোগী সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে নির্ধারিত তারিখে উপস্থিত না হলে ইউনিয়ন কমিটি ও উপজেলা কমিটির সিদ্ধান্তের ভিত্তিতে পরবর্তীতে তার ভাতা বাতিল হতে পারে।

লাইভ ভেরিফিকেশন কালে যে বিষয় গুলো দেখা হবে বা থাকতে হবে-

১. বয়স্ক ভাতার লাইভ ভেরিফিকেশন করার জন্য ভাতাভোগীর জাতীয় পরিচয় পত্রের মূল কপি ও ফটোকপি, ভাতা প্রাপ্তির নগদ মোবাইল ব্যাংকিং নাম্বার, ভাতাভোগীদের ভাতা প্রাপ্তির বহি (যদি থাকে) সহ স্বশরীরে নির্ধারিত স্থানে উপস্থিত থাকতে হবে।
২. বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতার লাইভ ভেরিফিকেশন করার জন্য বিধবা ভাতাভোগীর জাতীয় পরিচয় পত্রের মূল কপি ও ফটোকপি, ভাতা প্রাপ্তির নগদ মোবাইল ব্যাংকিং নাম্বার, ভাতাভোগীদের ভাতা প্রাপ্তির বহি (যদি থাকে) সহ স্বশরীরে নির্ধারিত স্থানে উপস্থিত থাকতে হবে।
৩. প্রতিবন্ধী ভাতার লাইভ ভেরিফিকেশন করার জন্য প্রতিবন্ধী ভাতাভোগীর জাতীয় পরিচয় পত্র / অনলাইন জন্ম নিবন্ধন সনদ পত্রের মূল কপি ও ফটোকপি/প্রতিবন্ধী সুবর্ণ নাগরিক কার্ড (আবশ্যিক), ভাতা প্রাপ্তির নগদ মোবাইল ব্যাংকিং নাম্বার, ভাতাভোগীদের ভাতা প্রাপ্তির বহি (যদি থাকে) সহ স্বশরীরে নির্ধারিত স্থানে উপস্থিত থাকতে হবে।
৪. সকল প্রকার উপবৃত্তির ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের প্রত্যয়ন পত্র ও ভাতাভোগীর জাতীয় পরিচয় পত্র /অনলাইন জন্ম নিবন্ধন সনদ পত্রের মূল কপি ও ফটোকপি, ভাতা প্রাপ্তির নগদ মোবাইল ব্যাংকিং নাম্বার, ভাতাভোগীদের ভাতা প্রাপ্তির বহি (যদি থাকে) সহ স্বশরীরে নির্ধারিত স্থানে উপস্থিত থাকতে হবে।


উল্লেখ্য যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, ভালুকা, ময়মনসিংহের আওতাভুক্ত সম্মানিত উপকারভোগীদের লাইভ ভেরিফিকেশন কালে যাচাই-বাচাই কার্যক্রমের নির্ধারিত তারিখ সমূহ ব্যাপক প্রচার ও প্রসারের (মাইকিং করার অনুরোধ সহ) জন্য সংশ্লিষ্ট মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ওয়ার্ডের সদস্য/কাউন্সিলর এবং ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভালুকা, ময়মনসিংহ(প্রত্যেক মসজিদের মাইকে ঘোষণার অনুরোধ সহ) কে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: লাইভ ভেরিফিকেশন এর সিডিউল-০১ ফর্দ।

মেয়র/চেয়ারম্যান,
পৌরসভা/ইউনিয়ন পরিষদ (সকল)
ভালুকা, ময়মনসিংহ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক, সামাজিক নিরাপত্তা কর্মসূচি অধিশাখা, সমাজসেবা অধিদফতর, ঢাকা;
২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ;
৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ;
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ;
৫. উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ;
৬. মেয়র, পৌরসভা, ভালুকা, ময়মনসিংহ;
৭. চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, ভালুকা, ময়মনসিংহ (মাইকিং করার অনুরোধ সহ);
৮. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভালুকা, ময়মনসিংহ (প্রত্যেক মসজিদের মাইকে প্রচারের অনুরোধ সহ) এবং
৯. অফিস কপি


অসীম সরকার


উপজেলা সমাজসেবা অফিসার

ভালুকা, ময়মনসিংহ

ফোন: ০২৯৯৬৬-৭২৬৮৬

মোবাইল : ০১৭০৮-৪১৫০০০ (দাপ্তরিক)

ইমেইল : usso.bhaluka@dss.gov.bd


৯/৭/২৩

